

ইসলামী ব্যাংকের VISA ডেবিট কার্ড সার্ভিস



আধুনিক ব্যাংকিং সিস্টেম কার্ড ও নেটভিত্তিক অনলাইন ব্যবস্থার দিকে এগিয়ে যাচ্ছে। ক্যাশ কাউন্টার বাদ দিয়ে ATM বুথ এবং বর্তমানে ক্যাশ টাকা ছাড়াই আর্থিক লেনদেন বিশ্বব্যাপী জনপ্রিয়তা লাভ করছে। তাই ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড VISA ডেবিট কার্ড প্রবর্তনের মাধ্যমে গ্রাহকদের সর্বাধুনিক সেবা এবং বিশ্বের সর্ববৃহৎ পেমেন্ট নেটওয়ার্ক সুবিধা গ্রহণের সুযোগ করে দিয়েছে। যার মাধ্যমে

গ্রাহকগণ দেশ-বিদেশে হোটেল, রেস্টুরেন্ট, এয়ারলাইন্স, ট্রাভেল এজেন্ট, শপিংমল, ডিপার্টমেন্টাল স্টোর, ডায়াগনস্টিক সেন্টার, হাসপাতাল, জুয়েলার্স, ইলেকট্রনিক্স, কম্পিউটার শপে কেনাকাটা এবং বাস, ট্রেন, বিমানের বুকিং দেয়ার ক্ষেত্রে দ্রুত ও নিরাপদে ক্যাশ টাকা ছাড়াই আর্থিক লেনদেন সম্পন্ন করতে পারবেন।

VISA ডেবিট কার্ড কি ?

VISA ডেবিট কার্ড, ATM কার্ডের বিকল্প বহুবিধ সুবিধা সম্বলিত কার্ড। এই কার্ডের মাধ্যমে কেনাকাটা, বিল পরিশোধ এবং ATM থেকে টাকা উত্তোলন করা যায়। শুধু IBBL ATM বুথ নয়, যে বুথেই VISA চিহ্ন রয়েছে সেসব বুথে এই কার্ড ব্যবহার করা যাবে।

কিভাবে এটি ATM কার্ড থেকে ভিন্ন ?

ATM কার্ড শুধুমাত্র ATM থেকে টাকা উত্তোলনের ক্ষেত্রে প্রযোজ্য। কিন্তু VISA ডেবিট কার্ডের ATM থেকে টাকা উত্তোলন ছাড়াও বহুবিধ ব্যবহার রয়েছে। POS এবং Internet এ ব্যবহারের মাধ্যমে ক্যাশ ছাড়াই কেনাকাটা ও লেনদেন সম্পন্ন করা যায়।

কোথায় VISA ডেবিট কার্ড ব্যবহার করা যাবে ?

VISA নেটওয়ার্ক বিশ্বের প্রায় সকল দেশেই রয়েছে। তাই ATM বুথ ছাড়াও দেশের সকল VISA Logo সংযুক্ত POS এ VISA ডেবিট কার্ড ব্যবহার করা যাবে। দোকান বা ব্যবসা প্রতিষ্ঠান থেকে কেনাকাটা, টিকিট ক্রয়, বিল পরিশোধসহ নানাবিধ কাজে কার্ডটি POS এ ব্যবহার করে নগদ টাকা ছাড়াই আর্থিক লেনদেন সম্পন্ন করা যায়।

VISA কার্ডের মাধ্যমে কিভাবে কেনাকাটা করা যায়?

যে দোকানে POS আছে সেখানে পণ্য পছন্দ করে আপনার কার্ডটি POS মেশিনে প্রবেশ করিয়ে মেশিনে নির্দিষ্ট টাকার পরিমাণ লিখতে হবে। সে পরিমাণ টাকা আপনার একাউন্ট থেকে কমে যাবে এবং মেশিন থেকে ২ সেট ভাউচার প্রিন্ট হবে। যার ১টি আপনি সংরক্ষণ করবেন এবং অন্যটিতে স্বাক্ষর করে দোকানদারকে দিবেন।

কার্ড চুরি বা হারিয়ে গেলে

যদি VISA কার্ড চুরি হয়ে যায় অথবা হারিয়ে যায়, তাহলে ব্যাংকের কল সেন্টার ১৬২৫৯ বা ৮৩৩১০৯০ এ ফোন করে চুরি হয়ে যাওয়া অথবা হারিয়ে যাওয়া কার্ড সম্পর্কে জানালে, ব্যাংক অফিসার আপনার কার্ডের লেনদেন বন্ধ করবেন। পরবর্তীতে নতুন কার্ড নিতে পারবেন।

VISA ডেবিট কার্ড পাওয়ার নিয়মাবলী

ব্যাংকে সেভিংস বা কারেন্ট একাউন্ট খুলে VISA ডেবিট কার্ড নেয়া যাবে।

এক নজরে সুবিধাবলী :

- ২৪/৭, দ্রুত, নিরাপদ এবং সুবিধাজনক ব্যাংকিং
- Balance চেক করণ
- নিত্য প্রয়োজনীয় পণ্য ক্রয় করণ
- লোভনীয় অফার, ডিসকাউন্ট এবং আকর্ষণীয় সুবিধা নিন।
- VISA ডেবিট কার্ড ফ্রি ISSUE করা হয়।
- নতুন একাউন্ট খোলার সাথে নতুন কার্ড এক বছরের জন্য ফ্রি দেওয়া হয়।
- স্টুডেন্ট একাউন্টে কার্ডের জন্য কোন ফি নাই।
- কার্ড নবায়ন ফি ৩০০ টাকা।
- নিজস্ব ব্যাংক ছাড়াও অন্য ব্যাংকের ATM থেকে টাকা তোলা যায়।
- প্রতিদিন সর্বোচ্চ ৫০ হাজার টাকা নগদ উত্তোলন অথবা কেনাকাটা করা যায়।